APR 0 4 2[redacted]

তারিখ ... পৃষ্ঠা ... ৬ কলাম ...

দৈনিক সংবাদ

# দুটি বেসরকারি সংস্থা পরিচালিত ৫টি প্রাথমিক বিদ্যালয়ের ২০ জন শিক্ষক ৮ মাস ধরে বেতন পাচ্ছেন না

পূর্বধলা (নেত্রকোনা) থেকে নিজস্ব সংবাদদাতা ঃ দুটি বেসরকারি সংস্থা পরিচালিত ৫টি প্রাথমিক বিদ্যালয়ের ২০ জন শিক্ষক-শিক্ষিকা দীর্ঘ ৮ মাস যাবৎ বেতনভাতা না পাওয়ায় মানবেতর জীবনযাপন করছেন।

ঘরনী ও স্যাডো নামক দুটি বেসরকারি সংস্থা সরকারের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে সরকারি অর্থে পূর্বধলা উপজেলায় ২৫ লাখ টাকা ব্যয়ে ১৯৯৯ সালে ৫টি বিদ্যালয় স্থাপন করে। সংস্থা দুটি সরকারি অর্থ গ্রহণের সময় বিদ্যালয়গুলোর পরিচালনার সকল ব্যয়ভার বহনের দায়িত্ব নিয়ে সরকারের সঙ্গে চুক্তিবদ্ধ হয়।

কিন্তু ঘরনী নামক সংস্থা পরিচালিত পুটিকা ও কোনাডহর প্রাথমিক বিদ্যালয়, স্যাডো নামক সংস্থা পরিচালিত ধোপাডহর, কালডোয়ার ও চলিতডহর প্রাথমিক বিদ্যালয় পরিচালনার কথা থাকলেও পরিচালনার ব্যয় ও শিক্ষক-শিক্ষিকাদেরকে বেতন ভাতা না দিয়ে টালবাহানা করে চলতে থাকে।

এ ব্যাপারে গত বছরের ১লা আগস্ট সংবাদ-এ এক রিপোর্ট প্রকাশিত হলে সরকারের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ বিষয়টি তদন্ত করে শিক্ষক-শিক্ষিকাদের বেতনভাতা প্রদানের নির্দেশ দেয়। এতে সংস্থা দুটি শিক্ষক-শিক্ষিকাদের দু-চার মাসের বেতন দিয়ে আগামী থেকে নিয়মিত বেতন প্রদানের কথা বলে।

কিন্তু এর পর থেকে আজ পর্যন্ত দীর্ঘ ৮ মাস যাবৎ কোন বেতনভাতা দূরের কথা বিদ্যালয়গুলোর সঙ্গে সংস্থাগুলো কোন যোগাযোগই রক্ষা করছে না। এতে এ ৫টি বিদ্যালয়ের ২০ জন শিক্ষক-শিক্ষিকা মানবেতর জীবনযাপন করছেন।

উল্লেখ, ঘরনী নামক সংস্থাটি উপজেলার ধলামূলগাঁও ইউনিয়নে আরো একটি বিদ্যালয় স্থাপনের জন্য সরকারের ৫ লাখ টাকা গ্রহণ করেছে।

সংস্থা দুটি বিদ্যালয় স্থাপনের কথা বলে সরকারি অর্থ গ্রহণ করে নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার ও নামেমাত্র চুক্তির শর্ত পালন করে সরকারের লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছে।